ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
এয়ারপোর্ট রোড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।
Website: www.erl.com.bd
E-mail: md-office@erl.com.bd

বিজ্ঞপ্তি নম্বর: ২৮.২৫.০০০০.০৫৩.১১.০০২.১০-২৪

তারিখ: ১১/১০/২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান ও দেশের একমাত্র জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড-এ নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://erlb.teletalk.com.bd ওয়েবসাইট) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও বয়স |
|---|---|---|---|
| ১। | প্রবেশনারী ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) | ০৩ টি | ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>খ) বয়স: অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর।<br>গ) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। |
| ২। | প্রবেশনারী ইঞ্জিনিয়ার (কেমিক্যাল) | ০৩ টি | ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>খ) বয়স: অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর।<br>গ) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। |
| ৩। | প্রবেশনারী ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) | ০৩ টি | ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>খ) বয়স: অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর।<br>গ) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। |
| ৪। | ম্যানেজমেন্ট প্রফেশনাল (কোয়ালিটি কন্ট্রোল) | ০১ টি | ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কেমিস্ট্রি/এপ্লাইড কেমিস্ট্রিতে স্নাতক ডিগ্রি (০৪ বছর মেয়াদি) বা কেমিস্ট্রি/এপ্লাইড কেমিস্ট্রিতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের ন্যূনতম যে কোনো ০১(এক)টিতে প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>খ) এসএসসি ও এইচএসসি অথবা সমমানের যেকোনো ০১(এক)টি পরীক্ষায় প্রথম বিভাগ বা সমমানের জিপিএ থাকতে হবে।<br>গ) বয়স: অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর।<br>ঘ) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। |

**শর্তাবলি:**

১) 'প্রবেশনারী ইঞ্জিনিয়ার' এবং 'ম্যানেজমেন্ট প্রফেশনাল' হিসেবে নির্বাচিত প্রার্থীগণ ০২(দুই) বছর মেয়াদি বাস্তব কাজে প্রশিক্ষণে নিয়োজিত থাকবেন এবং ১ম বছরের জন্য সর্বসাকুল্যে মাসিক ৳.৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং ২য় বছরের জন্য সর্বসাকুল্যে মাসিক ৳.৫২,৫০০/- (বাহান্ন হাজার পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।

২) সন্তোষজনকভাবে ০২ (দুই) বছর মেয়াদি প্রশিক্ষণ সমাপ্তির পর 'প্রবেশনারী ইঞ্জিনিয়ার' এবং 'ম্যানেজমেন্ট প্রফেশনাল'গণকে কোম্পানির অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে 'এ্যাসিসটেন্ট ম্যানেজার (এম-৫ গ্রেড, বেতন স্কেলঃ টাকা ৩৫,৫০০-৬০,৭৭০/-) পদে স্থায়ী নিয়োগ প্রদান করা হবে।

৩) নিয়োগের ক্ষেত্রে কোম্পানির বিদ্যমান নিয়োগ নীতিমালা অনুসরণ করা হবে।

৪) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫) জিপিএ তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণি নির্ধারণের জন্য এতদ্‌বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।

৬) সকল পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জন করতে হবে।

৭) সরকারি/আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

৮) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

৯) অসম্পূর্ণ/ভুল তথ্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০) যে সকল প্রার্থী কোনো বিদেশী নাগরিককে বিয়ে করেছেন অথবা বিয়ে করতে প্রতিশ্রুতি বদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

১১) সরকারি নির্দেশনা মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখ যাদের বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর তাঁরা আবেদনের যোগ্য। তবে, শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২৫/০৩/২০২০ তারিখ যাদের বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর তারাও আবেদনের যোগ্য হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসাবে গণ্য হবে এবং বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

১২) নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৩) সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

১৪) লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড এর ওয়েবসাইট (www.erl.com.bd) এর মাধ্যমে জানানো হবে।

১৫) এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.erl.com.bd এ পাওয়া যাবে।

১৬) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিয়ে পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল হবে এবং এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। কোনো প্রার্থী নিয়োগ লাভের পরও তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭) মৌখিক পরীক্ষার সময় Online এ পূরণকৃত Application Form সহ নিম্ন বর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট ফটোকপি দাখিল করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ। শিক্ষাগত যোগ্যতার সনদে শ্রেণি/গ্রেড উল্লেখ না থাকলে মার্কশিট/ট্রান্সক্রিপ্ট।

খ) বিদেশি কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত সমমানের সনদ।

গ) পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

ঘ) জাতীয় পরিচয় পত্রের কপি।

ঙ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

চ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত/জারিকৃত সনদই কেবল মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে প্রমাণক হিসাবে মূল সনদপত্র প্রদর্শন ও এর সত্যায়িত কপিসহ চাকরিপ্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজক্যলাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত শারিরিক প্রতিবন্ধী সংক্রান্ত সনদ জমা দিতে হবে।

১৮) প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৯) নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রমের আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল বা পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

২০) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে http://erlb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমাঃ

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১১ অক্টোবর, ২০২২, সকাল ১০:০০ টায়।

ii. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১ অক্টোবর, ২০২২ সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত।
উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থলে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ**

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন করা প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পন্ন কালো/সম্পন্ন সাদা ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant' s copy তে একটি User ID number দেওয়া থাকবে এবং User ID number ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-Paid Mobile Number এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ=৬০০ (ছয়শত) টাকা (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর নিয়মাবলি:**

**প্রথম SMS:** **ERLB** <space> **User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **ERLB ABCDEF**

Reply: Applicant's Name. TK-672 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ERLB <space>Yes<Space> PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** **ERLB**<space>**Yes**<Space> **PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: ERLB Yes 12345678

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for ERLB Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ) SMS এর প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

১) <u>User ID জানা থাকলে:</u> **ERLB**<space>**Help**<Space>**User**<Space>**User ID** & Send to 16222.
Example: ERLB HELP USER ABCDEF

২) <u>PIN Number জানা থাকলে:</u> **ERLB**<space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** & Send to 16222.

৩) Example: **ERLB HELP PIN 12345678**

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) পত্রিকা ছাড়াও ইআরএল এর ওয়েবসাইট (www.erl.com.bd) এর নোটিশবোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.erl.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ট) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা এ ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ <u>https://www.facebook.com/alljobsbdTeletalk</u> এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে (Mail এর Subject-এ Organization Name: erlb, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২২) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

10.10.2022

**কামাল উদ্দিন আহমদ**
ডেপুটি জেনারেল ম্যানেজার (পার্সোনেল)
ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।